ঝিনাইদহে প্রতিবেদন লেখা বিষয়ে ৩ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

ঝিনাইদহ এডাব জেলা শাখার আয়োজনে প্রতিবেদন লেখা বিষয়ে ৩ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন ঘোষণা করা হয়েছে।

গতকাল শনিবার সকাল থেকে (১৬-১৮ মে) পর্রন্ত ঝিনাইদহ এইড ফাউন্ডেশন প্রশিক্ষণ কেন্দ্রে এডাব এর জেলা শাখার আয়োজনে এই প্রশিক্ষণের শুভ উদ্বোধন করা হয়।

প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে এডাব ঝিনাইদহ জেলা শাখার সভাপতি ও প্রভা সোসাইটির নির্বাহী পরিচালক এনামুল কবীর বাবুলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন বীর মুক্তিযোদ্ধা মমতাজ আরা বেগম। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একেএম জসীম উদ্দিন, পরিচালক, এডাব কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা।

তিন দিনব্যাপী এই প্রশিক্ষণ পরিচালনা করেন এডাব রিসোর্স পুল সদস্য সুবিন দত্ত । প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে স্বাগত বক্তব্য প্রদান করেন এডাব ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব ও ডাস-এর নির্বাহী পরিচালক আবুল কালাম আজাদ।

প্রশিক্ষণের প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশের উন্নয়নে সরকারের পাশাপাশি এনজিওসমূহের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে ঝিনাইদহ জেলার আর্থ-সামাজিক উন্নয়নে এনজিও সমূহ উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। বর্তমান সময়ে তথ্য একটি গুরুত্বপূর্ণ শক্তি, আর প্রশিক্ষণের মাধ্যমে সেই তথ্য ও জ্ঞানের কার্যকর আদান-প্রদান সম্ভব হয়। তাই “প্রতিবেদন লেখা”-এর মতো গুরুত্বপূর্ণ বিষয়ে এ ধরনের প্রশিক্ষণ আয়োজন অত্যন্ত সময়োপযোগী উদ্যোগ।

তিনি আরও বলেন, এনজিও সমূহের মধ্যে সমন্বয়সাধন, সরকারের উন্নয়ন কর্মকান্ডে সহায়তা প্রদান এবং সংগঠনের দক্ষতা বৃদ্ধিতে এডাবের কার্যক্রম প্রশংসনীয়। প্রশিক্ষণলব্ধ জ্ঞান ঝিনাইদহ জেলার উন্নয়ন কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত

করেন। সময়োপযোগী এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের জন্য তিনি এডাব কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন এডাব ঝিনাইদহ জেলা কমিটির সভাপতি ও প্রভা সোসাইটির নির্বাহী পরিচালক এনামুল কবীর বাবুল। এডাব খুলনা বিভাগের সমন্বয়কারী মোঃ রেজাউল করিম প্রশিক্ষণের সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেন। খুলনা বিভাগের যশোর, খুলনা, কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার এডাবের সদস্য সংস্থাসমূহ থেকে মোট ২৭টি এনজিও’র প্রতিনিধিগণ এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন।

মুজিবনগরে উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

হৃদরোগ ও স্ট্রোকে মৃত্যুহার কমানো এবং বাংলাদেশ উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ কর্মসূচিকে আরও শক্তিশালী করার লক্ষ্যে মুজিবনগরে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কনফারেন্স রুমে এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) প্রোগ্রাম ও ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন এর উদ্যোগে এ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান স্যার।

তিনি তাঁর বক্তব্যে বলেন, উচ্চরক্তচাপ ও ডায়াবেটিস নিয়ন্ত্রণের মাধ্যমে হৃদরোগ ও স্ট্রোকজনিত মৃত্যুহার উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব। এক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্যসেবাকে আরও কার্যকর ও শক্তিশালী ভূমিকা পালন করতে হবে।

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের বিভাগীয় প্রোগ্রাম অফিসার ডা: শৌভিক রায় এবং সার্ভিলেন্স মেডিকেল অফিসার ডা: আলী নূর হাসান। এছাড়াও উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ফিল্ড অফিসার মোহাইমিনুল ইসলাম এবং ফিল্ড অফিসার মাহফুজুল হকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

কর্মশালায় উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিস নিয়ন্ত্রণে সরকারের এই কার্যক্রমকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে স্থানীয় সরকার প্রতিনিধি, গণমাধ্যমকর্মী, মসজিদের ইমামসহ অন্যান্য ধর্মীয় নেতা ও স্কুল-কলেজের শিক্ষকদের ভূমিকার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়।

এ প্রশিক্ষণে মুজিবনগর উপজেলার ১১ টি কমিউনিটি ক্লিনিকের সকল সিএইচসিপি এবং কমিউনিটি গ্রুপের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (২২ ডিসেম্বর) সকালে সংগঠিত সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের ২ দিনব্যাপি ”উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, সদর উপজেলার সহকারী মৎস্য কর্মকর্তা মোঃ জাকির হোসেন,পিএসকেএসের উপ-পরিচালক মোঃ কামরুল আলম, পিএসকেএসের মৎস্য কর্মকর্তা মোঃ ইকরামুল হাসান ও সহকরী মৎস্য কর্মকর্তা মোঃ খালেদ কবির সহ সমন্বিত কৃষি ইউনিটের সদস্যবৃন্দ।

উক্ত অনুষ্ঠানে উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা, শীতকালে

মৎস্য চাষীদের করণীয়, মাছের সাধারণ রোগ ও প্রতিকার, দেশি মাছ চাষের গুরুত্ব সহ মাছ চাষ সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

ঝিনাইদহে ক্ষুদ্রঋণ অর্থায়নের গতিশীলতা আনয়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

ঝিনাইদহে উপজেলা পর্যায়ে বাস্তবায়িত ক্ষুদ্রঋণ অর্থায়নের গতিশীলতা আনয়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (৬ নভেম্বর) সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমাজসেবা অফিসের আয়োজনে প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

সদর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিকের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক আব্দুল কাদের, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকুসহ অন্যান্যরা। প্রশিক্ষণ শেষে সদর উপজেলার ৩০ জন ক্ষুদ্রঋণ গ্রহিতার মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

মুজিবনগরে সহযোগী স্কুল শিক্ষকদের সাথে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির আয়োজনে, সহযোগী স্কুল শিক্ষকদের সাথে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২২ সেপ্টেম্বর) দুপুরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস হলরুমে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ কর্মশালায় গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, মুজিবনগর সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম।

মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার প্রোগ্রাম রিফাত আল মাহমুদের সঞ্চালনায়, প্রশিক্ষণ কর্মশালায় উপজেলার ২০টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১০টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং ১৫ জন সহকারী শিক্ষক উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ

কর্মশালা

“গতিসীমা মেনে চলি, সড়ক দূর্ঘটনা রোধ করি” এ শ্লোগানে ঝিনাইদহে পেশাজীবী গাড়ী চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার দুপুরে জেলা শিল্পকলা একাডেমিতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) ঝিনাইদহ সার্কেলের আয়োজনে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যুগ্ম-সচিব নাজনীন ওয়ারেস।

প্রধান প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন বিআরটিএ খুলনা বিভাগীয় পরিচালক (ইঞ্জি) মোঃ জিয়াউর রহমান।

এছাড়াও সদর উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মিথিলা ইসলাম, বিআরটিএ ঝিনাইদহ সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জি) মোঃ আতিয়ার রহমান, পরিদর্শক (ইঞ্জি) এস এম সবুজ, (ইঞ্জি) তারিক হাসান, ট্রাফিক ইন্সপেক্টর গোলাম মোর্শেদ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ কর্মশালায় ৩ শতাধীক পেশাজীবী গাড়ী চালক অংশ গ্রহন করেন।

কোটচাঁদপুরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রিজাইডিং,সহকারী প্রিজাইডিং এবং পোলিং অফিসারদের দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা

অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর সরকারি কে এম এইচ ডিগ্রি কলেজে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মের সভাপতিত্বে প্রধান অতিথির হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। তিনি বলেন কোন প্রার্থীর পক্ষে কাজ করলে চাকরি হারাবেন। এর মধ্যে কোন সন্দেহ নেই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার আজিম-উল-আহসান,জেলা নির্বাচন অফিসার রোকনুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার কোটচাঁদপুর সার্কেল মুন্না বিশ্বাস, মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন, উপজেলা নির্বাচন অফিসার আবদুল আজিজ প্রমুখ।

এ সময় ভোট কেন্দ্রের প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার, শিক্ষক, সাংবাদিক সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সহযোগিতায় আজ রবিবার (১৫ অক্টোবর) দিনব্যাপী মেহেরপুর সদর উপজেলার মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হল রুমে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর বাস্তবায়নে প্রশিক্ষণ কর্মশালার সভাপতিত্ব করেন,জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সভাপতি ও

সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাসেম।

মানব উন্নয়ন কেন্দ্রের জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদের সঞ্চালনায় প্রশিক্ষণ কর্মশালায় মানব উন্নয়ন কেন্দ্রের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম,জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের প্রোগ্রাম ম্যানেজার নীলা গোমেজ বক্তব্য রাখেন।

এছাড়াও এসময় প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আক্তার ছবি,সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম,অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ আজিজুল হকসহ উপজেলা ও জেলা কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা

চুয়াডাঙ্গায় ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন করা হয়েছে। ধর্ম যার যার রাষ্ট্র সবার প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা সদর থানাধীন মডেল মসজিদ হল রুমে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব মিলনায়তনে ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশের সংবিধানে অসাম্প্রদায়িক দেশের কথা বলা হয়েছে। আমরা অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে কাজ করে যাচ্ছি। আমরা যে যে ধর্মের মানুষই হইনা কেন আমাদের কতিপয় দায়িত্ব কর্তব্য রয়েছে। আমরা সমাজবদ্ধভাবে সামাজিক জীব হিসেবে এক সাথে কাজ করতে চাই দেশের উন্নয়নে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ

সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা হিন্দু বৌদ্ধ ঐক্য পরিষদের সভাপতি মার্টিন হিরোক, চুয়াডাঙ্গা নিউ মার্কেট জামে মসজিদের পেশ ইমাম জুনাইদ আল হাবিব সহ শতাধিক সকল ধর্মাবলম্বী নেতৃস্থানীয় সদস্যবৃন্দ, প্রিন্ট এবং ইলেকট্রনিকস মিডিয়ার সদস্যবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ।

মেহেরপুরে প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০ টি বিশেষ উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে, উপপরিচালক স্থানীয় সরকার মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম এ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে, দিনব্যাপী এ প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখেন, সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) আবু সাইদ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অলোক কুমার দাস, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, প্রাথমিক শিক্ষা অফিসার আপিল উদ্দীন, পিআইও নাহিদা ইসলাম প্রমুখ।